কানাইঘাট সদর ইউনিয়নে ইমেইজ ফাউন্ডেশন,ঢাকার উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

কানাইঘাট সংবাদদাতা: কানাইঘাট উপজেলার ৬নং সদর ইউনিয়ন পরিষদের প্রায় দুই শতাধিক অসহায় শীতার্ত মানুষের মাঝে ‘ইমেইজ ফাউন্ডেশন, ঢাকা’র উদ্যোগে শীতবস্ত্র (কম্বল ও জ্যাকেট) বিতরণ করা হয়েছে।

গতকাল ৪ ফেব্রুয়ারি (রবিবার) বেলা ১১ ঘটিকায় ৬নং কানাইঘাট সদর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউনিয়ন চেয়ারম্যান আফসর আহমদ চৌধুরীর সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কানাইঘাট সরকারি কলেজের অধ্যক্ষ সাব্বীর আহমদ।
তিনি তাঁর বক্তব্যে বলেন, এই কনকনে শীতের মওসুমে ইমেইজ ফাউন্ডেশন মানবিক দায়বদ্ধতা থেকে মানবতার কল্যাণে যে সেবাদান করে যাচ্ছে; তা নিশ্চয়ই প্রশংসনীয় কাজ। এমন মহতি উদ্যোগে সম্পৃক্ত হতে পেরে নিজেকে ধন্য মনে করছি। ইমেইজ ফাউন্ডেশনের চেয়ারম্যান বেলাল আহমেদের প্রতি অসংখ্য কৃতজ্ঞতা। জাযাকাল্লাহ খাইরান!

সাহিত্য-সংস্কৃতিকর্মী শাহজাহান শাহেদের সঞ্চালনায় এতে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন কানাইঘাট সরকারি কলেজের অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক হাবিব আহমদ এবং প্রধান বক্তার বক্তব্য দেন ইমেইজ ফাউন্ডেশনের চেয়ারম্যান বেলাল আহমেদ (এমবিএ)।

এছাড়াও উক্ত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে ৬নং সদর ইউনিয়নের সকল ওয়ার্ড সদস্য এবং সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্যাগন উপস্থিত ছিলেন।